ePaper
ভোরের কাগজ
মুক্ত প্রাণের প্রতিধ্বনি
২৭.০৬.১৫

বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৩ হাজার ৭০০ মেগাওয়াট : ডেপুটি স্পিকার

ফুলছড়ি (গাইবান্ধা) প্রতিনিধি : জাতীয় সংসদের ডেপুটি স্পিকার এড. ফজলে রাব্বী মিয়া বলেছেন, সরকার বিদ্যুৎ খাতে ব্যাপক উন্নয়ন সাধন করেছে। বর্তমানে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৩ হাজার ৭০০ মেগাওয়াট। ২০২১ সালের মধ্যে ২০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব।

গতকাল শুক্রবার গাইবান্ধার ফুলছড়ি উপজেলা পরিষদ চত্বরে বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন প্রতিষ্ঠান ও দুস্থ পরিবারের মাঝে সোলার প্যানেল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ফুলছড়ি উপজেলা পরিষদ চেয়ারম্যান হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, ফুলছড়ি উপজেলা নির্বাহী অফিসার মোস্তাফিজুর রহমান।

তিনি বলেন, ফুলছড়ি-সাঘাটা উপজেলার প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ সেবা পৌঁছে দিতে ২০০৮ সালের পর থেকে ২ উপজেলায় ৫০০ কিলোমিটার অতিরিক্ত বিদ্যুৎ লাইন নির্মাণ করা হয়েছে। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ডিজিটাল বাংলাদেশ নির্মাণে ২০২১ সালের মধ্যে সবার ঘরে ঘরে বিদ্যুৎ সেবা পৌঁছে দিতে স্বাধীনতার সপক্ষের লোকদের সোলার প্যানেল বিতরণ করা হচ্ছে। বিশেষ করে দুর্গম চরাঞ্চলে বিদ্যুতের সেবা পৌঁছে দিতেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ উদ্যোগ গ্রহণ করেছেন। এ সময় উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান আবু সাঈদ, ফুলছড়ি থানার ওসি আতিয়ার রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুল চন্দ্র রায়, কঞ্চিপাড়া ডিগ্রি কলেজের অধ্যক্ষ এটিএম রাশেদুজ্জামান রোকন, উপজেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ গোলাম হোসেন কদ্দুছ, মুক্তিযোদ্ধা আজহারুল ইসলাম বাবলু, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশ্বনী কুমার বর্মণ, কামরুল হাসান পারভেজ রোমান, সাবেক ছাত্রলীগ নেতা ডা. এম এ মজিদ প্রধান; সাইদুর রহমান দরবেশ প্রমুখ।

পরে ডেপুটি স্পিকার আলহাজ এডভোকেট ফজলে রাব্বী মিয়া কাবিখা ও টিআর প্রকল্পের আওতায় উপজেলার বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন প্রতিষ্ঠান ও দুস্থ পরিবারের মাঝে ২০০টি সোলার প্যানেল বিতরণ করেন।

ডেপুটি স্পিকার আলহাজ এডভোকেট ফজলে রাব্বী মিয়া বলেন, বিএনপি-জামায়াত বাংলাদেশের অস্তিত্বকে স্বীকার করতে চায় না। বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন না হলে খালেদা জিয়া প্রধানমন্ত্রী হতে পারতেন না। তিনি বলেন, বিএনপি এখন ফরমালিন দিয়ে বেঁচে আছে। কিছুদিন পর হ্যারিকেন দিয়েও বিএনপি নেতাকর্মীদের খুঁজে পাওয়া যাবে না। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশ সফরকালে খালেদা জিয়া তার কাছে নালিশ করেছেন বাংলাদেশে কোনো গণতন্ত্র নাই। গণতন্ত্র যদি নাই থাকে তাহলে দেশে এত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া চলছে কিভাবে। যেগুলোর অধিকাংশরেই মালিক বিএনপি। গণতন্ত্র না থাকলে মিডিয়া বন্ধ হয়ে যেত।